



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Sc./B.Com. Honours/General Part-III Examination, 2022

COMPULSORY BENGALI

PAPER-BNGM (MIL)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

পাঠ্য সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। 'শঙ্খ' কবিতায় শঙ্খ কিসের প্রতীক? কবি এখানে কার শঙ্খ কী কারণে তুলে ধরার কথা বলেছেন, তার বর্ণনা দাও। ২+৮

অথবা

'আমার কৈফিয়ৎ' কবিতায় কবি অভিযোগের যে উত্তর দিয়েছেন, তা লিপিবদ্ধ করো।

- ২। 'বই পড়া' প্রবন্ধে প্রথম চৌধুরী বই পড়ার গুরুত্ব সম্পর্কে যে কথা বলেছেন, তার পরিচয় দাও। ১০

অথবা

'বৈজ্ঞানিক বুদ্ধি' বলতে কী বোঝানো হয়েছে? 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে বিজ্ঞাপন সম্পর্কে লেখকের অভিমত বিশদে আলোচনা করো।

- ৩। 'অভাগীর স্বর্গ' গল্পটিতে জমিদার শ্রেণীর যে নির্মম রূপটি পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা

'ইজ্জত' গল্পে সুমিত্রা চরিত্রটি বিশ্লেষণ করো।

- ৪। ভাব-সম্প্রসারণ করোঃ ১০

“দণ্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে যবে

সমান আঘাতে সর্বশ্রেষ্ঠ সে বিচার।”

অথবা

সংক্ষিপ্তসার লেখোঃ

মানুষ সংস্কারের বেড়াজালে আবদ্ধ হয়ে, ভেদবুদ্ধির স্বীকার হয়ে, ভ্রান্ত বিশ্বাসের তাড়নায় একে অপরকে হয় জ্ঞান করেছে, নিজেদের মধ্যে গড়ে তুলেছে বিভেদ বৈষম্যের সুউচ্চ প্রাচীর। ফলে সৃষ্টি হয়েছে বিভিন্ন ভাষা, ধর্ম, বর্ণ যা মানুষকে সংস্কারাচ্ছন্ন করে ফেলেছে। সংস্কারের বশে মানুষ কাউকে ছোটজাত বলে দূরে সরিয়ে রেখেছে। অথচ সকলেই বিশ্ববিধাতার সৃষ্টি সন্তান। সকলের সমমর্যাদা ও সমঅধিকার। আমাদের মনে এই ধর্মবোধ জাগ্রত করার জন্য যুগে যুগে মহাপুরুষদের আবির্ভাব ঘটেছে। কুসংস্কারাচ্ছন্ন সমাজকে অন্ধকার থেকে আলোকে এনে মনুষ্যত্বের জয়গান গেয়েছেন।

৫। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×১ = ১০

- (ক) কলেজের নবীনবরণ উৎসব উপলক্ষ্যে ছাত্র সংসদের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি রচনা করো।
- (খ) তুমি কলেজে ভর্তির সময় যে বিষয়গুলি নিয়েছিলে তার মধ্যে একটি বিষয়ের পরিবর্তন চেয়ে অধ্যক্ষ মহাশয়ের নিকট একটি আবেদনপত্র রচনা করো।
- (গ) হিন্দু অথবা মুসলিম রীতি অনুসরণ করে একটি বিবাহের নিমন্ত্রণপত্র রচনা করো।
- (ঘ) করোনা পরিস্থিতি বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো।

—————×—————